

# 🔳 আল-বুরুজ | Al-Buruj | ٱلْبُرُوج

আয়াতঃ ৮৫:৩

# 💵 আরবি মূল আয়াত:

# وَ شَاهِدٍ وَّ مَشْهُودٍ ؟ ﴿ ٣﴾

#### 

আর কসম সাক্ষ্যদাতার এবং যার ব্যাপারে সাক্ষ্য দেয়া হবে তার, — আল-বায়ান আর যে দেখে আর যা দেখা যায় তার শপথ — তাইসিরুল

শপথ দ্রস্টা ও দৃষ্টের। — মুজিবুর রহমান

And [by] the witness and what is witnessed, — Sahih International

### ৩. এবং দ্রষ্টা ও দৃষ্টের(১)—

(১) হাদীসে এসেছে, রাস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, (وَالْيُوْمِ الْمَوْعُودِ) বা প্রতিশ্রুত দিনের অর্থ কেয়ামতের দিন। আর عَشْهُود এর অর্থ আরাফার দিন এবং شاهد এর অর্থ শুক্রবার দিন। জুম'আর দিনের চেয়ে উত্তম কোন দিনে কোন সূর্য উদিত হয়নি এবং ডুবেওনি। সেদিন এমন একটি সময় আছে, কোন মুমিন বান্দা যখনই কোন কল্যাণের দো'আ করে তখনই তার দো'আ কবুল করা হয়। অথবা যদি কোন অকল্যাণ থেকে আশ্রয় প্রার্থনা করা হয় তখনই তাকে আল্লাহ তা থেকে আশ্রয় দেয়।" [তিরমিযী: ৩৩৩৯]

তাফসীরে জাকারিয়া

## ৩। শপথ দ্রষ্টার ও দৃষ্টের। [1]

[1] مشهور শন্দের ব্যাখ্যায় বহু মতভেদ রয়েছে। (مشهور অর্থঃ দর্শন করা, সাক্ষ্য দেওয়া বা উপস্থিত হওয়া।) ইমাম শাওকানী হাদীস এবং আসারসমূহের ভিত্তিতে বলেন, شاهد বলতে জুমআর দিনকে বোঝানো হয়েছে। এই দিনে যে ব্যক্তি যা আমল করবে তার জন্য কিয়ামতের দিন ঐ আমলসমূহ সাক্ষী দেবে। আর مشهود বলে আরাফার (৯ যিলহজের) দিনকে বোঝানো হয়েছে যে দিনে লোকেরা হজের উদ্দেশ্যে জমায়েত হয়।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন